

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১৯৩

التجارات) ३२/ व्यवमा-वाणिका (کتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/২২. 'উরবান ধরনের ক্রয়-বিক্রয়।

بَاب بَيْعِ الْعُرْبَانِ

আরবী

حَدَّثَنَا الْفَضْلُ بْنُ يَعْقُوبَ الرُّخَامِيُّ حَدَّثَنَا حَبِيبُ بْنُ أَبِي حَبِيبٍ أَبُو مُحَمَّدٍ كَاتِبُ مَالِكِ بْنِ أَنسٍ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عَامِرٍ الْأَسْلَمِيُّ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدّهِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهى عَنْ بَيْعِ الْعُرْبَانِ قَالَ أَبُو عَبْد اللهِ الْعُرْبَانُ أَنْ يَشْتَرِيَ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهى عَنْ بَيْعِ الْعُرْبَانِ قَالَ أَبُو عَبْد اللهِ الْعُرْبَانُ أَنْ يَشْتَرِيَ اللَّبِينَارَانِ لَكَ الرَّجُلُ دَابَّةً بِمِائَةٍ دِينَارٍ فَيُعْطِيَهُ دِينَارَيْنِ عُرْبُونًا فَيَقُولُ إِنْ لَمْ أَشْتَرِ الدَّابَّةَ فَالدِينَارَانِ لَكَ وَقِيلَ يَعْنِي وَاللهُ أَعْلَمُ أَنْ يَشْتَرِيَ الرَّجُلُ الشَّيْءَ فَيَدْفَعَ إِلَى الْبَائِعِ دِرْهَمًا أَنْ أَقُلَّ أَنْ أَقُلَ أَنْ أَكْثَرَ وَيَقُولُ إِنْ أَجُدُتُهُ وَإِلّا فَالدَّرْهَمُ لَكَ.

বাংলা

২/২১৯৩। 'আমর ইবনে শু'আইব (রাঃ) থেকে পর্যায়ক্রমে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উরবান ধরনের ক্রয়-বিক্রয় করতে নিষেধ করেছেন।

আবূ আবদুল্লাহ (ইমাম ইবনে মাজা) বলেন, উরবান ধরনের ক্রয়- বিক্রয় এই যে, যেমন কোন ব্যক্তি একশত দীনারে একটি পশু ক্রয় করে বিক্রেতাকে বায়নাস্বরূপ দু' দীনার দিয়ে বললো, আমি পশুটি ক্রয় না করলে দীনার দু'টি তোমারই থাকবে। আরো বলা হয়েছে যে, ক্রেতা কোন জিনিস ক্রয় করে বিক্রেতাকে এক দিরহাম অথবা তার কম বা বেশি দিয়ে বললো, আমি তা রেখে দিলে তো ঠিক আছে, অন্যথায় দিরহামটি তোমারই। আল্লাহই ভালো জানেন।

English

It was narrated from 'Amr bin Shu'aib, from his father, from his grandfather that:

the Prophet (ﷺ) forbade the deal involving earnest money. (Hasan)Abu 'Abdullah said: Earnest money refers to when a man buys an animal for one



hundred Dinar, then he gives the seller two Dinar in advance and says: "If I do not buy the animal, then the two Dinar are yours." And it was said that it refers, and Allah knows best, to when a man buys something, and gives the seller a Dirham or less or more, and says: "If I take it (all well and good), and if I do not, then the Dirham is yours."

ফুটনোট

ইবনু মাজাহ ২১৯২, আবূ দাউদ ৩৫০২।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী হাবিব বিন আবু হাবিব (উপনাম) আবু মুহাম্মাদ সম্পর্কে আবু আহমাদ আল হাকিম বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি মিথ্যার সাথে অভিযুক্ত। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সিকাহ নয়, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি জাল (বানিয়ে) হাদিস বর্ণনা করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। (তাহযীবুল কামালঃ রাবী নং ১০৮২, ৫/৩৬৬ নং পৃষ্ঠা) ২. আবদুল্লাহ বিন আমির আল-আসলামী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বকর আল-বায়হাকী ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইমাম বুখারী বলেন, তার হিফযের বিষয় নিয়ে সমালোচনা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৩৫৫, ১৫/১৫০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু ভ'আয়ব (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন